

তারিখ 20 APR 2014
 পৃষ্ঠা ২

রাজশাহী মেডিকেল কলেজকে বিশ্ববিদ্যালয় ঘোষণা

নিম্নের ব্যক্তি পরিবেশক:

রাজশাহী মেডিকেল কলেজকে (রামেক) বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের আনুষ্ঠানিক ঘোষণা দিলেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। এতই সঙ্গে অতিথিরা রামেক হাসপাতালে একটি বর্ন ইউনিট স্থাপনের উদ্বোধন নেয়ার কথাও ঘোষণা দেন স্বাস্থ্যমন্ত্রী।

গতকাল দুপুরে, রামেক মিলনায়তনে এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ ঘোষণা দেন। রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন পরিষদ আয়োজিত চিকিৎসক, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

তিনি এই বিশ্ববিদ্যালয়ের নাম মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক চার জাতীয় নেতার একজন শহীদ কামরুজ্জামানের নামে রাখার প্রস্তাব করেন।

মন্ত্রী বলেন আগামী শিশাবর্ষ থেকে রামেক বিশ্ববিদ্যালয়ে রূপান্তর হবে। ইতোমধ্যে প্রধানমন্ত্রী এর অনুমোদন দিয়েছেন এবং রাজশাহী ও চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন প্রণয়নের লক্ষ্যে একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করা হয়েছে। গীমটি সংসদে গড়ান আইশটি পাস হবে। আগামী রাজশাহী : পৃষ্ঠা : ১৫ ক : ৩

রাজশাহী : মেডিকেল
 (১ম পৃষ্ঠার পর)

শিশাবর্ষ শুরু আগেরই বিশ্ববিদ্যালয় চালু করার প্রয়োজনীয় প্রক্রিয়া শেষ করার জন্য তিনি সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন। পরিষদের আহ্বায়ক রাজশাহীর সাবেক মেয়র এএইচএম স্বয়ংক্রিয় পিটনের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে সংসদ সদস্য ও রামেক হাসপাতাল পরিচালনা পরিষদের চেয়ারম্যান ফজলে হোসেন বান্দা, সংসদ সদস্য আবদুল ক্বদুস, আয়েনউদ্দিন, আক্তার জাহান, বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশনের সভাপতি অধ্যাপক ডা. মাহমুদ হাসান, মহাসচিব অধ্যাপক ডা. ইকবাল আনবারুল বাক্বার রাখেন।

স্বাস্থ্যমন্ত্রী বলেন, হাসপাতালে কোন দুর্নীতি বা অনিয়মকে প্ররম দেয়া হবে না। কোন বদপি বা শাস্তির আদেশ নিয়ে কোন তদবির গোনা হবে না। একেত্রে কোন রাজনৈতিক বিবেচনা গ্রহণযোগ্য হবে না। জনগণের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে হাসপাতালে সৃষ্ট পরিবেশ বজায় রাখতে সরকার যা যা করার সব করবে। এ সময় তিনি সব হাসপাতালের আশপাশের অবৈধ দোকানশাট ও স্থাপনা উচ্ছেদ করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেন। তিনি বলেন রোগীর মৃত্যুকে কেন্দ্র করে আইন হাতে তুলে নিয়ে চিকিৎসককে লক্ষিত করার মানসিকতা থেকে সর্বাইকে বেরিয়ে আসতে হবে। পাশাপাশি চিকিৎসকদেরও কথায় কথায় রোগী ফেলে রেখে কর্মবিরতি পালন থেকে বিরত থাকতে হবে। কিছু কিছু ডাক্তার আছে যারা রোগী জিন্মি করে ব্যবসা করে। তাদের চিকিত করে ব্যবস্থা নিতে হবে।

তিনি রামেক হাসপাতালে অবিলম্বে আইনিইউ শয্যা সংখ্যা ৪ থেকে ১০ এ উন্নীতকরণ, হাসপাতালের শয্যা সংখ্যা ৫৫০ থেকে ১০০০ এ উন্নীতকরণ, হস্তশলি ও বর্হিবর্তনের সংহার ও সম্প্রসারণ এবং প্রয়োজনীয় যন্ত্রপাতি সরবরাহে দ্রুত ব্যবস্থা নেয়ার আখ্যান দেন। সকালে মন্ত্রী হাসপাতালের আইনিইউসহ বিভিন্ন বিভাগ ও ওয়ার্ড পরিদর্শন করেন। এ সময় তিনি চিকিৎসাবীন রোগীদের ও কর্তব্যরত চিকিৎসকদের সঙ্গে কথা বলে চিকিৎসার খোল-খবর নেন। পরিদর্শন শেষে তিনি হাসপাতালের চিকিৎসক ও পরিচালকদের সঙ্গে বৈঠক করেন।